উত্তরাখন্ড

- তপন কুমার রায়

গত দু'হপ্তা খবরের কাগজ আর টিভি খুললে প্রধান খবর দেখছি উত্তরাখন্ডের প্রাকৃতিক বিপর্যয় । এককালে এই অঞ্চলটি উত্তর প্রদেশের অংশ ছিল । হিমালয়ের এই অংশটি চিরকাল গাড়োয়াল আর কুমায়ুন অঞ্চল হিসেবেই পরিচিত । সম্ভবত দুহাজার সালে আলাদা রাজ্য হয়ে প্রথমে উত্তরাঞ্চল ও পরে নাম পাল্টে উত্তরাখন্ড হল ।

এই বিপর্যয়ের পর জানিনা শেষ পর্যন্ত কত হাজার মানুষ প্রাণ হারাবেন । কত শিশু পিতৃ-মাতৃ হারা হবে, কত মা-বাবা সন্তান শোকে কাতর হবেন । ছবিতে দেখছি কত বাড়ী ঘরদোর নদীর জলে ভেসে গেল । প্রকৃতির এই তাণ্ডব লীলার জেরে এখনও কত মানুষ নিখোঁজ । জানিনা কোনদিন তাদের কোন সন্ধান পাওয়া যাবে কি না ।

হিমালয়ের অন্যান্য জায়গার মধ্যে এই অঞ্চলটি আমার বিশেষ প্রিয় । আর পাঁচটা শৈল শহরের সঙ্গে এখানকার জনপদগুলো চরিত্রগত ভাবে একেবারে আলাদা । পূব দিকে দার্জিলিং, কালিম্পঙ বা উত্তরে সিমলা, নৈনিতাল ইত্যাদি যেগুলো সাহেবদের তৈরি, সেই সব জায়গার সঙ্গে কোন পৌরাণিক কিংবদন্তী জড়িয়ে নেই । সাধারণভাবে ওগুলো সৃষ্টির কারণ মূখ্যত বাণিজ্যিক । এই শহরগুলো কয়েক দিনের হাওয়া বদল বা সম্পূর্ণ বিশ্রামের পক্ষে একেবারে আদর্শ । এই সব শহরে বড় বড় হোটেল প্রচুর থাকলেও দুটো একটা ছোটখাট মন্দির বাদ দিলে ঠিক যে অর্থে আমরা তীর্থস্থান বলি সেরকম কোন মন্দির নেই । ভ্রমণসঙ্গীর মানচিত্রে এখানকার আবহাওয়া এবং আরামের অনেক রকমের বর্ণনা পাওয়া যায় ।

গাড়োয়াল বা কুমায়ুন অঞ্চল কিন্তু এই ব্যাপারে সম্পূর্ণ ভিন্ন । এই অঞ্চলটির সঙ্গে জড়িয়ে আছে রামায়ন মহাভারতের কাহিনী এবং উপনিষদের বাণী । হাজার হাজার বছর ধরে ভারতের মুনি ঋষিরা এই জায়গাতে সাধনা করেছেন । এই সব দূর্গম পাহাড়ে সাধারণ মানুষের যাতায়াত প্রায় ছিল না বললেই চলে । প্রথম যৌবনে রাজা রামমোহন রায় প্রায় হরিদ্বার থেকে পায়ে হেঁটে কেদারনাথ ও বদ্রীনাথ দর্শন করেন । উপনিষদের বাণী তাঁকে এই জায়গাতেই উদ্বুদ্ধ করে । সেই সময় বহু যাত্রী এই সব শ্বাপদ সংকুল জায়গায় তীর্থ ভ্রমণে এসে প্রাণ হারাতেন । স্বর্গীয় উমাপ্রসাদ মুখোপাধ্যায়ের লেখা কয়েকটি বেশ উপভোগ্য ভ্রমণ কাহিনী আছে । প্রবোধ সান্যালের 'মহাপ্রস্থানের পথে'ও একটি জনপ্রিয় উপন্যাস । ওটি এখানকার পটভূমিতে লেখা । পরবর্তীকালে এটির ওপর একটি সিনেমাও বেশ জনপ্রিয় হয় । ওদের লেখা থেকে জানা যায় যে সে সময় যাত্রীদের রাত্রিবাসের একমাত্র জায়গা ছিল রাস্তার ধারের চটি । পাহাড়ের বিভিন্ন জায়গায় কালীকমলির চটি তীর্থযাত্রীদের খুব প্রিয় জায়গা ছিল । পায়ে হাঁটা পাকদন্ডি দিয়ে যেতে হত । নদী পার হবার উপায় ছিল কিছু দড়ির তৈরি সাঁকো । সাধু সন্ন্যাসীদের বাস ছিল দূর্গম পাহাড়ের গুহার মধ্যে । চাষ আবাদ বলতে সামান্য কিছু জমিতে চাল গম ছাড়া ভূট্টা ইত্যাদি । রাতের অন্ধকার ছাড়াও ভর দুপুরে পর্যন্ত বাঘ ছাড়াও নানারকমের হিংস্র প্রাণীর অবাধ যাতায়াত । সাধুরা আশ্রমে গরু, ভেড়া পালন করতেন । মালপত্তর পরিবহনের জন্য খচ্চর ছিল একমাত্র ভরসা । এক কথায় মানুষের বেঁচে থাকার একমাত্র অবলম্বন ছিল ভগবানে অগাধ বিশ্বাস । গত শতাব্দীর চল্লিশের দশকে জিম করবেট সাহেব এখানে খুব জনপ্রিয় হয়েছিলেন কুমায়ুন অঞ্চলে একটা মানুষখেকো বাঘকে মেরেছিলেন বলে । রুদ্রপ্রয়াগে সেই জায়গাতে এখন একটা সাইনবোর্ড দিয়ে চিহ্নিত করা আছে । ওই বাঘটিকে মারার পর করবেট সাহেবকে স্থানীয় মানুষজন প্রায় ভগবানের মত মানতো ।

সাম্প্রতিক এই প্রাকৃতিক বিপর্যয়ের পর মনটা স্বাভাবিক ভাবেই খুব খারাপ হয়ে গেল । মনে পড়ে গেল আমাদের ১৯৮৯ সালের অক্টোবার মাসে প্রথম কেদারনাথ ও বদ্রীনাথ ভ্রমণের কথা । দেরাজ হাতড়ে পুরোনো দুটো এ্যালবামের সন্ধান পেলাম সঙ্গে আমার লেখা কিছু নোটস্ । তখন আমাদের দেশে ডিজিটাল ছবির প্রচলন হয়নি । দুটো এ্যালবামে অনেক ছবি । আমাদের ছেলে মেয়েও সেসময় বেশ ছোট । আমাদের ছেলে মেয়ে ছাড়া আমাদের যাত্রার সঙ্গী হয়েছিল আমার ছোটবেলার বন্ধু খোকা, তার স্ত্রী শ্বেতা ও আমার স্ত্রী পম্পার বাবা মা । হাওড়া থেকে রাজধানী এক্সপ্রেসে দিল্লী । এক রাত্রি দিল্লীতে রাত্রিবাস । পরের দিন সকালে বেরিয়ে প্রায় বিকেল হয়ে গেল হৃষিকেশ পৌঁছতে ।

গাড়োয়াল ট্যুরিজমের মানুষজন খুব আদর আপ্যায়ন করে ওদের মুনি-কি-রেতির পান্থশালায় থাকা খাওয়ার বন্দোবস্ত করেছেন । পুরো যাত্রাটাই ওদের বিশেষ প্যাকেজ । আমাদের সঙ্গে আরো প্রায় জনা বারো যাত্রী । একটি মিনি বাসের মত যান আমাদের জন্য এই ক'দিন বরাদ্দ । ড্রাইভার আর সহকারী ছাড়াও একজন গাইড আমাদের সঙ্গী । গাইড ভদ্রলোকের নাম কোঠিয়াল । দুপুর বেলা খাওয়া দাওয়ার পর বাস ছাড়লো । ঘণ্টা দুয়েক পর দেবপ্রয়াগ । এখানে দেবপ্রয়াগে ওদের যাত্রীনিবাসে রাত্রিবাসের ব্যবস্থা ।

ভোর বেলা আমরা অলকানন্দা আর ভাগীরথীর সঙ্গম রাস্তা থেকে বেশ খানিকটা নিচে দেখতে গেলাম । অত নিচে নামতে হবে বলে দু'একজন বাদে অনেকেই ওখানে এলেন না । অলকানন্দা শান্ত ধীর আর নীল । তার পাশ দিয়ে ভাগীরথী দাপিয়ে কাঁপিয়ে এসে মিলিত হয়ে নাম নিল গঙ্গা । এই নাম নিয়েই গঙ্গা এখান থেকে বহু জনপদ পার হয়ে বঙ্গোপসাগর পর্যন্ত গিয়ে গঙ্গাসাগর নাম নিয়েছে । লোহার চেন ধরে গাইডের তত্ত্বাবধানে আমি জলে নামলাম ঠিক যেন বরফ গলা জলে ডুব দিলাম । সকালের জলখাবার খেয়ে রওনা । সোজা শ্রীনগর । এটি ছিল গাড়োয়াল রাজ্যের রাজধানী । ছোট্ট বসতি । ওখানে ওদের একটা যাত্রীনিবাসে দুপুরের খাওয়া সেরে আবার যাত্রা । বিকেল বিকেল গুপ্তকাশীতে চা খাবার বিরতি । মহাভারতের শেষ পর্যায়ে কুরুক্ষেত্র যুদ্ধের শেষে পান্ডবরা কাশী-বেনারসে শিবের আশীর্ব্বাদ চাইতে গেলে শিব প্রত্যাখ্যান করে পালিয়ে এই গুপ্তকাশীতে চলে আসেন । সেই কারণে এই জায়গার এরকম নামকরণ । চায়ের পর সোজা শোনপ্রয়াগ । এখানকার যাত্রীনিবাসটি একটা টেন্ট কলোনী । এটি ফাইবার গ্লাসের তৈরি । সন্ধ্যে সাতটার মধ্যে জেনারেটর বন্ধ হলে আলো নিভে যায় । কাজেই খাওয়া দাওয়া সব তার মধ্যে সেরে নিতে হল । জায়গাটা প্রায় পাঁচ হাজার ফুট উঁচুতে । বাসুকিতাল থেকে শোন গঙ্গা এখানে মন্দাকিনীর সঙ্গে মিশেছে । সেজন্যে এই প্রয়াগের নামকরণ শোনপ্রয়াগ । এখান থেকে পাঁচ কিলোমিটার দূরে ত্রিযুগী নারায়ন, যেখানে শিব পার্ব্বতীর বিয়ে হয়েছিল । নিবাসের বাইরে সুন্দর একটা বাগান । সকালে ওখানেই মিষ্টিরোদে বসে চা জলখাবার খাওয়া । আটটা নাগাদ আবার রওনা হয়ে সোজা গৌরীকুন্ড । এর পর কেদারের পথে আর গাড়ির রাস্তা নেই । গাইড বলে দিয়েছিল এখানে সময় নষ্ট করা যাবে না । বয়স্কদের আর আমাদের ন'বছরের ছেলের জন্য ঘোড়ার ব্যবস্থা । বাকী আমরা সবাই একটা করে লাঠি নিয়ে রামবাড়া হয়ে চোদ্দ কিলোমিটার হেঁটে প্রায় পাঁচ হাজার ফুট ওঠার প্রস্তুতি নিলাম । সঙ্গে একজন পোর্টার আমাদের রুকস্যাকগুলো নিয়ে হাঁটা লাগালো । ওর নাম ছিল নেগী । গাইড বলে দিল ঠিকঠাক হাঁটলে বিকেল হবার আগেই কেদারনাথ পৌছনোর কথা । পই পই করে বলে দিল রামবাড়াতে কিছু খেলেও একেবারেই সময় নষ্ট করবেন না । সঙ্গে কিছু লজেন্স আর বাদাম-আখরোট ওদের কথা মত নিয়ে এসেছিলাম । রামবাড়া পর্যন্ত কিছু বুঝিনি । তার পর রাস্তা প্রচণ্ড খাড়াই আর ভাঙ্গাচোরা । রাস্তার এক ধারে খাড়া পাহাড়, আরেক ধারে অলকানন্দা ভ্যালী । কোথাও কোথাও দূরে ঝর্ণা দেখা যাচ্ছিল যার মধ্যে কয়েকটা আবার জমে বরফ হয়ে ঝুলছিল । আকাশের হাল্কা মেঘ সূর্যের সঙ্গে লুকোচুরি খেলছিল । আমাদের পোর্টার নেগী চেঁচিয়ে জানিয়ে দিল পা চালাতে । বলে নিজে একটা পাকদন্ডী দিয়ে উঠে সর সর করে কোথায় যেন হারিয়ে গেল । আমাদের বাসের সহযাত্রীদের মধ্যে গুজরাট থেকে আসা বয়স্ক এক দম্পতি ছিলেন । তাঁরাও আমাদের থেকে খানিকটা এগিয়ে গিয়েছিলেন । হঠাৎ মনের কোণে একটু ভয় দেখা দিল । সন্ধ্যে নামার আগে যে ভাবেই হোক ওপরে পৌঁছতে হবে । দেখতে দেখতে হঠাৎ প্রচণ্ড জোরে হাওয়া আর তার সঙ্গে বরফের কুচির মত ছোট ছোট কি যেন ! খেয়াল করলাম আমাদের রেনকোট ইত্যাদি সব নেগীর সঙ্গে এতক্ষণে কেদারনাথের হাওয়া খাচ্ছে । পেছন থেকে কয়েকজন যাত্রী ঘোড়ায় চড়ে আসছিল । ওদের এক সহিসের কথা মতো হাঁটুর মধ্যে মাথা গুঁজে সবাই বসে পড়লাম । অদ্ভুতভাবে ওই ঝড় কয়েক মুহূর্তের মধ্যে চলে গেল । আমরাও জোর কদমে পা চালিয়ে সন্ধ্যের আগেই কেদারনাথ পৌঁছে গেলাম । ভাবতে অবাক হয়ে যাই এত সবের পরেও আমাদের কারো এতটুকু ক্লান্তি বা অবসাদের চিহ্নমাত্র ছিল না । আমরা নিগমের পান্থশালায় না থেকে মন্দিরের সামনেই একটা বেসকারি লজে ঠাঁই নিলাম । লজের পরিচালক জানিয়ে দিল খিচুড়ি ছাড়া আর কিছু খেতে দিতে অপারগ । সন্ধ্যে সাড়ে ৭টার আগেই গরম খিচুড়ি যেন অমৃত মনে

হোল । প্রচণ্ড ঠান্ডায় যার যা গরম কাপড় ছিল পরে সোজা লেপ-কম্বলের তলায় । অক্সিজেন কম থাকার দরুণ পরিচারক মশাই ঘর থেকে লোহার পাত্রে কাঠ কয়লার আগুনটাও সরিয়ে নিয়ে গেল । তাপমান শূন্যের নিচেই ছিল বলেই অনুমান ।

সকাল বেলা মন্দিরে পুজো দিয়ে চার পাশে ঘুরে দেখলাম । মূল মন্দিরের চাতাল জমি থেকে কয়েক ধাপ সিঁড়ি ভেঙ্গে উঠতে হয় । ভেতরে একটি কাল রঙের পাথর ওটাই শিবের মূর্তি । কপ্পুর আর ধুপের গন্ধে ভেতরের আবহাওয়া মনে অদ্ভুত একটা সাত্ত্বিক ভাব এনে দিল । মন্দিরের বাইরে একটু তফাতে আদিগুরু শঙ্করাচার্যের সমাধি । সমাধিতে মাথা ঠেকিয়ে অদ্বৈত বেদান্তবাদীর প্রতি শ্রদ্ধা জানালাম । মাত্র ওই বয়েসে ভারতবর্ষের চার প্রান্তে চারটি ধাম প্রতিষ্ঠা করে এই জায়গায় শেষ নিঃশ্বাস ফেলেছিলেন । মন্দিরের পেছনে বরফে ঢাকা মন্দাকিনী হিমপ্রবাহের বিশাল চূড়া মনটাকে অন্য মাত্রায় নিয়ে যায় । চারিদিকের দৃশ্য যেন সত্যি কোন স্বর্গরাজ্যের বর্ণনা । যতটা সম্ভব ক্যামেরা বন্দী করার অপচেষ্টা । মন্দিরের সিঁড়িতে বসে ছেলেকে নিয়ে ছবি তুললাম । এই জায়গাতেই শিব গুপ্তকাশী থেকে পালিয়ে এসে লুকোবার চেষ্টা করে অসফল হয়ে ছিলেন । মাটির তলায় লুকোতে গিয়ে শিবের পিঠের অংশটুকু দেখা যায় । শিবের অন্যান্য মন্দির থেকে এখানে তফাৎ হল এখানে জল বা দুধ ঢালা হয় না । ঘি ব্যবহার হয় বেশী । পূজারী ও পান্ডারা অত্যন্ত অমায়িক ও ভদ্র । ভক্তদের ওপর কোনরকম চাপ নেই । যার যা খুশী দক্ষিণা দিতে পারেন । এমন কি কিছু না দিলেও কোন আপত্তি নেই । হয়তো স্থান মাহাত্ম ! একটু দূরে বাসুকিতাল যাওয়ার সময় নেই । গাইডের তাড়ায় বেলা দশটার মধ্যে নামা শুরু ।

গৌরীকুন্ড পৌঁছতে বেশী সময় লাগলো না । বিকেল বিকেল বাস ছেড়ে সন্ধ্যের মুখে মন্দাকিনীর ধারে চন্দ্রপুরা নামে একটা জায়গায় পৌঁছলাম । এখানে কোন পাকা বাড়ী নেই । কাপড়ের টেন্টে দুটো করে খাট । খাবার জায়গা এবং বাথরুম সবই টেন্টের । খাওয়া হয়ে গেলে ছোটরা আর বয়স্করা শুতে চলে গেল । আমরা ক'জন বাইরে মন্দাকিনীর ধারে চাঁদের আলোর বন্যা দেখছিলাম । একটানা ঝর্ ঝর্ করে স্রোতের আওয়াজ । নদীর মধ্যে মাঝে মাঝে একেকটা বোল্ডার গড়িয়ে পড়ছিল । জলের ফেনার অপর চাঁদের আলো হীরের টুকরোর মত দেখাচ্ছিল । লজের পরিচারকের গলা, সাব আপলোগ টেন্টকা অন্দর যাইয়ে । বাহার মে শূয়ার নিকাল সকতা । টেন্টকা রসি টাইট করকে বাঁধনা' । টেন্টের ভেতরে একটা করে হ্যারিকেনের আলো । বাইরে দু একটা হ্যাজাক লাইট । লণ্ঠনের শিখা একটু কমিয়ে শোয়ার ব্যবস্থা করতে গিয়ে চোখে পড়লো টেন্টের একেবারে চূড়োয় প্রায় ফুট খানেক ব্যাসার্দ্ধের একটি মাকড়সা চোখ ঘুরিয়ে ঘুরিয়ে দেখছে । শূয়রের সঙ্গে তুলনামূলক ভাবে কম ক্ষতিকারক বিবেচনা করে বালিশের পাশে টর্চটি রেখে ঘুম ।

ভোরবেলায় গাইডের গলার আওয়াজ, 'ব্রেকফাস্ট কে বাদ হমলোগ সিধা বদ্রীনাথ চলেঙ্গে । সাত ঘন্টা কা রাস্তা' । বাস এঁকে বেঁকে চললো । মন্দাকিনীকে কখনও বাঁয়ে কখনও বা ডাইনে রেখে আমাদের বাস রুদ্রপ্রয়াগ পর্যন্ত নামবে ওখানে মন্দাকিনী অলকানন্দার সাথে মিলিত হয়ে নিজের পরিচয় হারাবে । এখানকার উচ্চতা প্রায় দু'হাজার ফুট ।

তারপর থেকে অলকানন্দার ধার দিয়ে চড়াই । বাস রুদ্রপ্রয়াগ ছেড়ে গোউচর, কর্ণপ্রয়াগ, নন্দপ্রয়াগ, চামোলি, পিপলকোট ছেড়ে গৌরগঙ্গা নামে একটা ছোট্ট শহরে দাঁড়ালো । সাইনবোর্ড জানাল এখানকার উচ্চতা সমুদ্রপৃষ্ঠ থেকে সাড়ে চার হাজার ফুট উঁচুতে । মিনিট কয়েক দাঁড়িয়ে বাস আবার রওনা দিল যোশীমঠের দিকে । যোশীমঠের উচ্চতা ছ'হাজার দু'শ ফুট ।

এখান থেকে বদ্রীনাথের পথ অপ্রশস্ত । কাজেই যান এখানে একমুখী । যান চলাচলের নির্দ্দেশ পুরোপুরি মিলিটারীর হাতে । একে স্থানীয় ভাষায় বলে 'গেট' পদ্ধতি । আমাদের গাইড বাবু জানালেন এখানে আমাদের মধ্যাহ্ন ভোজ সারতে হবে । তার আগে যোশীমঠ ঘুরিয়ে দেখিয়ে দেবেন ।

আদিগুরু শঙ্করাচার্য এখানেই একটি গুহার মধ্যে সাধনা করেছিলেন এবং শঙ্করভাষ্য উনি এখানে বসেই লিখেছিলেন । গুহাটির ওপর কল্পবৃক্ষ যেটি এদের মতে দু'হাজার চারশ বছরের পুরোনো । কথিত আছে গৌতম বুদ্ধ যেমন বোধগয়াতে বোধিবৃক্ষের নিচে নির্ব্বাণ লাভ করেন, আদিগুরুও এই গাছের তলায় বসে ভগবৎ দর্শন করেন । এই কারণে এই জায়গার আরেকটি নাম জ্যোর্তিমঠ । আশ্রম চত্তর ঘুরে দেখলাম । এখান থেকে অদূরে বদ্রীনাথ ধাম হল ওনার প্রতিষ্ঠিত চার ধামের একটি । উনি ভারতের চার কোণে চারটি ধাম ও চারটি মঠ প্রতিষ্ঠা করেছিলেন ।

বেলা আড়াইটা নাগাদ গেট খুলতে আমাদের যাত্রা আবার শুরু হল । পথের অপূর্ব্ব দৃশ্য । ওই রকম বিপদসঙ্কুল রাস্তায় ভয় মনে ঢুকতে দেয় না । রাস্তা এক এক জায়গায় বেশ সরু । মাঝে দু এক জায়গায় ধার থেকে ঝর্ণা রাস্তার ওপর দিয়ে চলে গেছে । পাহাড়ের পাথর কেটে হিন্দিতে সাবধান বাণী 'ব্রেককা দাবা মত কিজিয়ে'। ড্রাইভার বেশীর ভাগ সময়ে সেকেন্ড বা ফার্স্ট গীয়ারে গাড়ী চালাচ্ছিল । বাসের মধ্যে এক অদ্ভুত নীরবতা । এই ভাবে ঘন্টা দুয়েকের একটু বেশী চলার পর সামনে সমতল ভূমি । আমাদের গাইড নেগী বলে উঠলো 'জয় বদ্রীবিশাল কি জয়' । সমস্ত যাত্রী একসঙ্গে বললো জয় বদ্রীবিশাল কি জয় । কতটা ভক্তিতে আর কতটা নিশ্চিন্ততায় বোঝা গেল না ।

গাইড আমাদের যাত্রীনিবাসের ঘর ইত্যাদি বুঝিয়ে দিয়ে পরের দিনের সূচি বলে দিল । বেলা আড়াইটার গেট নিতে হবে । সেই মত সবাই যেন তৈরী হন । এখানকার উচ্চতা দশ হাজার দু'শ ফুটের কিছু বেশী । প্রচন্ড ঠাণ্ডা এবং বাতাসে অক্সিজেনের অভাব বেশ মালুম দিচ্ছিল । একটু জোরে হাঁটাহাঁটি করলে নিঃশ্বাস নিতে সামান্য হলেও অসুবিধে হচ্ছিল ।

বদ্রীনাথ হল বিষ্ণুর আরেক নাম । এই জায়গার সঙ্গেও অনেক রকম পৌরাণিক কাহিনী জড়িয়ে আছে । অলকানন্দার ওপর একটা ছোট সাঁকো পেরিয়ে মূল মন্দিরে যেতে হয় । রাস্তার দু ধারে ছোট ছোট দোকান তাদের পসরা সাজিয়ে বসে আছে । দূর থেকে মাইকে ভজন গানের আওয়াজ । একটি বালখিল্য আমাদের বলে গেল সে হোটেলে গরম জলের বন্দোবস্ত করতে পারে প্রতি বালতি তিন টাকার বিনিময়ে । ও এই পরিষেবা রাত তিনটের থেকে শুরু করে । অবাক চোখে ওর দিকে তাকিয়ে রইলাম । এইটুকু বয়সে লেখাপড়া আর খেলার সময়ে ও কি কাজ করছে !

কথামত আমাকে ভোর চারটের সময় জল পৌঁছে দিয়ে গেল । খোঁজ নিয়ে জেনেছিলাম নীলকণ্ঠ শৃঙ্গের দৃশ্য সূর্য ওঠার সময় দেখার মত । ক্যামেরা নিয়ে তৈরি হলাম । এক মহাজাগতিক দৃশ্যের সাক্ষী হয়ে রইলাম । প্রথমে লাল, তারপর ক্রমশ রঙ পাল্টে ঠিক যেন একটা বিরাট রূপোর পাহাড় আমার সামনে ! আমার ছবি তোলা শেষ হলে সবাই মিলে মন্দিরের দিকে গেলাম । প্রায় দু হাজার বছরের পুরোনো মন্দিরের সামনে মাথা এমনিতেই নিচু হয়ে আসে । আমার আগে কত মানুষের পদচিহ্ন এই মাটিতে পড়েছে । আগেকার পড়া ভ্রমণ কাহিনীর সঙ্গে আমার অভিজ্ঞতা মিলিয়ে নিচ্ছিলাম । সেদিনটা ছিল শারদীয়া দুর্গা পূজার অষ্টমী তিথি । মন্দিরের গায়ে উষ্ণকুন্ড । তার ধারে অনেকে পূর্বপুরুষের পিন্ডদান করতে এসেছিলেন । সারা ভারত থেকে কত রকমের মানুষ এখানে এসেছেন । তাদের ভাষা পোষাক খাবার সব আলাদা হলেও, এখানে যেন এক সুরে সবাই ভাবছেন । কি বিচিত্র আমাদের এই ভারতবর্ষ !

মাত্র তিন কিলোমিটার দূরে মানা গ্রাম, ভারতের শেষ গ্রাম । ওখানে সরস্বতী নদীর উৎস । গ্রাম পেরোলেই তিব্বত চীন । ওখানে একটা গুহায় বসে গণেশ নাকি ব্যাসদেবের মহাভারত ডিক্টেশান নিয়েছিলেন । এই সব পৌরাণিক কাহিনীর সঙ্গে জড়ানো এখানকার প্রতিটি মন্দির এবং গুহা ।

এবার আমাদের ফিরবার প্রস্তুতি । এখান থেকে এক রাত কর্ণপ্রয়াগে থেকে পরের দিন আবার হৃষিকেশ ।

আজ পুরোনো সেই ছবি আর স্মৃতি ম্লান হয়ে যাচ্ছে আজকের এই প্রকৃতির ভীষণ তান্ডবের কাছে । ভাবতেই পারছি না যে কেদারের পথে সেই রামবাড়া গ্রামের আজ কোন অস্তিত্ব নেই । বদ্রীনাথ থেকে ফেরার সময় গোবিন্দঘাটে আমরা খানিকক্ষণ থেমেছিলাম । সেখান থেকে হেমকুন্ড, শিখদের একটি অতি পবিত্র তীর্থস্থান । অলকানন্দা জলের তোড়ে সেই জায়গাটা এখন প্রায় নেই বললেই চলে ।

হিমালয়ের হিমপ্রবাহ কি কিছু বছর পর পর এই ভাবেই নিজেকে নতুন ভাবে তৈরি করে ? আচার্য জগদীশ চন্দ্র বোস নদীকে জিজ্ঞাসা করেছিলেন, 'নদী, তুমি কোথা হইতে আসিতেছ'? উত্তরে উনি শুনতেন 'মহাদেবের জটা হইতে'। অব্যক্ত কাব্যগ্রন্থে উনি এই রকম অনেক দুরূহ প্রশ্নের জবাব খুঁজেছিলেন ।

আমিও আজ কলকাতায় জুলাই মাসের চার তারিখে খবরের কাগজ আর টেলিভিশান বন্ধ করে চব্বিশ বছর আগেকার স্মৃতি রোমন্থন করছি । ■

বৃষ্টি ! বৃষ্টি !

- মঞ্জুলিকা হানারি (দাশগুপ্ত)

বৃষ্টি ! বৃষ্টি ! বৃষ্টি ! আকাশ ভেঙ্গে বৃষ্টি নেমেছে । সেই যে গতকাল থেকে শুরু হয়েছে, আজও তার বিরাম নেই । সারা বিশ্ব বুঝি ভাসিয়ে নিয়ে যাবে । বিছানায় শুয়ে আনমনে বাইরের দিকে তাকিয়ে বৃষ্টির তাণ্ডব দেখছিল নয়না । বৃষ্টি তার বড় প্রিয় । ভীষণ ভাল লাগে বৃষ্টি পড়া দেখতে । কত রকমের ছন্দ তার । কখনও ঝর্‌ঝর্‌, কখনও ঝম্‌ঝম্‌, কখনও বা টাপুর টুপুর, না কি টুপুর টুপুর । আবার কখনও ঝিরিঝিরি, রিম্‌ঝিম, রিমিকি ঝিমিকি ছন্দে । ঠিক যেন নাচের ছন্দ । একে ভাল না বেসে পারা যায় ? কিন্তু তার প্রিয় বৃষ্টির এ কী রূপ আজ ? কোথায় গেল তার সেই ছন্দ ? এ যেন প্রচণ্ড আক্রোশে ঝাঁপিয়ে পড়েছে সব কিছু লণ্ডভণ্ড করে দেওয়ার চেষ্টায় । নয়নাদের সাবেকী আমলের বাড়ীর বড় বড় কাঁচের জানালা । মনে হচ্ছে এই বুঝি সব কাঁচগুলি টুকরো টুকরো হয়ে ভেঙ্গে পড়বে । জানালার কাঁচ বেয়ে শুধুই জলের তোড় । বাইরের কিছুই আর দেখা যাচ্ছে না । নয়না একবার ভাবে উঠে গিয়ে কাঠের পাল্লাগুলি টেনে জানালা বন্ধ করে দেবে । কিন্তু কিছুটা আলসেমী, আবার কিছুটা প্রিয় বৃষ্টির এই অচেনা ভয়ঙ্কর রূপ দেখার গোপন ইচ্ছাটাও তাকে উঠতে দেয় নি । বৃষ্টির নানান রূপ সে দেখেছে । তবে আজকের মতন আগে কখনও দেখেছে বলে মনে পড়ে না তার । অবাক বিস্ময়ে সে তাকিয়ে থাকে । ভুলে যায় যে গান ছাড়া তার দিন চলে না । সেই প্রিয় রবীন্দ্রসঙ্গীত আজ আর চালানো হয় নি । তার ঘরে সব সময় সঙ্গীতের রেশ । গান ছাড়া সে থাকতে পারে না । আজ তার প্রিয় বৃষ্টির এই অপ্রত্যাশিত রূপ সব কিছু ভুলিয়ে দিয়েছে । বৃষ্টির এই ভয়াবহ রূপ কি তাকে বৃষ্টির প্রতি বিরূপ করে তুলবে ? না, তা হবার নয় । তাহলে সেই ইউনিভার্সিটির সময়ের দুর্ঘটনা অনেক দিন আগেই তা করতে পারতো । সেও তো এই বৃষ্টিরই জন্যে ঘটেছিল । অনেক কষ্টে প্রাণে বেঁচেছিল তারা ক'জন বন্ধু । সেকথা মনে পড়লে আজও শিউরে ওঠে নয়না । সেদিন আক্ষরিক অর্থেই প্রাণ হাতে নিয়ে চলেছিল তারা কিন্তু তাই বলে বৃষ্টির উপরে রাগ করে মুখ ফিরিয়ে নিতে পারেনি সে । তার এই বৃষ্টি-প্রেমের জন্য ছোটবেলা থেকে তাকে প্রচুর উত্যক্ত করেছে ভাই বোন ও বন্ধুরা । কারণে-অকারণে পিছনে লেগেছে । এমন কি গুরুজনেরাও তবে কারুর কোনও কথাই তার মনে দাগ কাটেনি । সেদিন যেমন ছিল আজও তেমনি রয়ে গেছে সে- বৃষ্টি বিলাসে মগ্ন । কবে থেকে তার এই বৃষ্টি প্রেম ? ভাবতে চেষ্টা করে নয়না । বাবা কাজ করতেন রেলে । বদলীর চাকরী । সেই কোন্ ছোটবেলা থেকে নানান শহরে ঘুরেছে তারা । মা সব সময় সতর্ক থাকতেন ছেলে মেয়েরা যেন বাংলা ভুলে না যায় । তাই কত রকমের বাংলা বই কিনতেন সুযোগ পেলেই । ওরা যখন নিজেরা পড়তে পারতো না তখন মা পড়ে শোনাতেন ওদের । আর সেসব বেশীর ভাগই ছিল রবিঠাকুরের লেখা । মা ছিলেন রবি ঠাকুরের ভক্ত । রবি-প্রেম সে মার কাছ থেকেই পেয়েছে । আর ছিল নানা রকম আত্মকাহিনী । পরে যখন সে নিজে পড়তে শুরু করলো তখন অন্যান্য লেখার থেকে রবিঠাকুরের কবিতা বেশী আকর্ষণ করতো তাকে – বিশেষ করে বর্ষার । আর গান তো ছিলই । মা ভাল গাইতেন । নয়না আর তার ভাই বোনেদের হাতেখড়ি তাঁর কাছেই । একটা শহরের কথা তার খুব মনে পড়ে । নামটা মনে নেই আজ । সেখানকার রেল কলোনীটা বেশ বড় ছিল । সেখানে সব অফিসারদের বাড়ীর সামনে ছিল বাগান আর ভেতরের দিকে বড় একটা বাঁধানো উঠোন । বৃষ্টি নামলে সেখানে ওরা ভাই বোনেরা হুটোপাটি করে খেলতো । কখনও কখনও বন্ধুরাও এসে যোগ দিত । এই বৃষ্টিতে ভেজা নিয়ে কোনোদিন বড়রা কেউ রাগ করেন নি বা বাধা দেন নি । ওর বৃষ্টি প্রেম সেই তখন থেকে শুরু । নাকি আরও আগে থেকে ? যখন অনেক ছোট ছিল, মার মুখে গল্প আর গান শুনতো, তখন থেকে কি ? কে জানে ।

স্কুল কলেজে বৃষ্টি নিয়ে অনেক মাতামাতি করেছে বন্ধুরা মিলে । ছুটি পাবার আশায় ইচ্ছা করে ভিজেছে । ছুটি পেয়ে নাচতে নাচতে আরও ভিজে বাড়ী ফিরেছে । একটা হাল্কা হাসির রেখা ফুটে ওঠে তার মুখে । মনে পড়ে যায় শেষের দিকে ওদের দুষ্টুমি ধরা পড়ে যায় । কত স্মৃতিই ফিরে ফিরে আসে এই বৃষ্টিকে উপলক্ষ করে । বেশ লাগে তার নিজেকে ভাসিয়ে দিতে সেখানে । কতক্ষণ মগ্ন ছিল নয়না জানেনা । হঠাৎই সারা আকাশ ফালা ফালা করে বিদ্যুৎ চমকে ওঠে । আর সেইসঙ্গে ভীষণ শব্দে বাজ পড়ার আওয়াজে চম্‌কে ধড়্‌মড়্‌ করে বিছানায় উঠে বসে সে । কাছাকাছি কোথাও পড়েছে নিশ্চয়ই । কিন্তু ওর মনে হোল যেন ওর মাথার উপরেই এসে পড়লো । আর তখনই মিষ্টি একটা বাজনার সুরে দেওয়াল ঘড়িটা জানিয়ে দিল ওর ওঠার সময় হয়েছে আর বৃষ্টি নিয়ে বিলাসিতা করার সময় নেই । অনিচ্ছা সত্ত্বেও বৃষ্টির কাছে মনটাকে ফেলে রেখে অলস পায়ে হাঁটতে শুরু করে নয়না । বৃষ্টি ততক্ষণে তার পুরোনো ছন্দ ফিরে পেয়েছে । ■

ক্ষুদ্‌দা কেন যে বইপ্রেমী

- অনুপম গুপ্ত

গত ২৫শে জানুয়ারী কলকাতার ই.এম বাইপাসের সন্নিকটে আধুনিক প্রযুক্তিতে নির্মিত মেলা প্রাঙ্গণে যার পোশাকী নাম "মিলন মেলা", সেখানে অনুষ্ঠিত হোল কলকাতা বইমেলা । ফেব্রুয়ারীর তিন তারিখে ক্ষুদ্‌দা রমলা বৌদিকে নিয়ে বইমেলায় গেলেন । বৌদিকে নিয়ে মেলায় যাওয়ার ইচ্ছা ক্ষুদ্‌দার ছিলনা । বৌদি সেখানে ১০০ শতাংশ অপ্রাসঙ্গিক । কিন্তু বৌদি নাছোড়বান্দা – নিতেই হোল তাঁকে । আগে প্রবেশমূল্য লাগত বলে ভিড় কিছুটা নিয়ন্ত্রিত ছিল । এখন প্রবেশ অবাধ হওয়ার জন্য জনঅরণ্যের চাপে বইমেলা নিজেই স্তিমিত । ভয়ে বৌদি এমন নিবিড় ভাবে ক্ষুদ্‌দার বাহুলগ্না হলেন যে পরের দিনই দাদার জামাটা ধোপার বাড়ী পাঠাতে হল । ৪৫ বছর আগের এমন মধুর স্পর্শের অনুভূতি স্মৃতির পটে হঠাৎ প্রতিবিম্বিত হল বটে, তবে তখনকার রোমাঞ্চিত এপিসোড আজ হয়তো বিড়ম্বনার প্রাথমিক ইন্ধন ।

প্রবেশদ্বারের কাছ থেকেই নানান রকমের বিজ্ঞাপনের বাহুল্য । হাঁদাভোঁদা, কম্প্যুটার সায়েন্স, পাঁচ মিনিটে বিরিয়ানী রান্নার কৌশল, হস্তরেখার বিচার ব্যবস্থা, পেটের অজীর্ণতার নিরাময়, বিবাহিত জীবনের দীর্ঘায়িত সমস্যা ইত্যাদি বইয়ের বিজ্ঞাপনের ভিড় । পুঁতির মালা, হজমি গুলি, গ্রাম বাঙলার দৃশ্য আঁকা রঙীন ছবি, মহাপুরুষদের ছবি, এমনকি শিল্পীকে দিয়ে "নিজের ছবি" আঁকানো ইত্যাদি আইটেমগুলোর সঙ্গে বইয়ের সম্পর্ক ঠিক কীরকম ক্ষুদ্‌দা না বুঝলেও বৌদির আগ্রহ এখানেই বেশী । বৌদির মেলায় প্রবেশের মূল আকর্ষণ মেলা প্রাঙ্গণের ফুড-স্টল থেকে বিক্রি করা চিকেন ফ্রায়েড রাইস ও ফিশ্ ফ্রাই দিয়ে দ্বিপ্রহরের আহার । বইয়ের স্টলগুলোতে ঘুরে ঘুরে পা ব্যথা করানোর কোন মানে হয় ? বইয়ের আবার তফাৎ হয় নাকি ?

প্রত্যেক বছর বইমেলার সময় বৌদি দাদাকে প্রশ্ন করেন – যারা বই লেখে তারা টাকা পায়, যেসব প্রকাশক বইগুলি ছাপায় তারা টাকা পায়, যারা ওই বই বিক্রি করে তারাও টাকা পায় । কিন্তু কিছু বোকা লোকেদের পকেট থেকে টাকা বেরিয়ে যাবে ওইসব বই কিনতে ? আসলে বইমেলার নামে প্রকাশকদের পাতা ফাঁদে বৌদির স্বামীদের মতো "বোকা" লোকেদের ফাঁদে ফেলাই উদ্দেশ্য ।

এই টাকা দিয়ে বই না কিনে প্রতি বছর আংটি, দুল বা নিদেনপক্ষে গড়িয়াহাট থেকে দামী শাড়ী কিনলে যে "ওয়াইজফুল ইনভেস্টমেন্ট" এটাই দাদাকে বোঝানো যাচ্ছেনা । বইমেলায় দাদা বৌদিকে জিজ্ঞাসা করেন, বইমেলায় এসেছো, কিছু বই কিনবে না ? বৌদির তাৎক্ষণিক উষ্মা প্রকাশ, তাহলে যারা শিল্পমেলায় যায়, বাড়ী ফেরার সময় কি তারা একটা লেদ মেশিন কাঁধে নিয়ে বাড়ী ফেরে ?

সাহিত্যিকদের নাম মনে রাখার থেকে টিভি সিরিয়ালের কুশীলবদের নাম মনে রাখা অনেক জরুরী, রবিশংকর আর তারাশংকর কি দুই ভাই ? ঋত্বিকের নাম বললে ঋত্বিক রোশনের নামই মনে আসে । ঋত্বিক ঘটক, সে আবার কে ? জেমস লং আর জেমস বন্ড কি মামাতো পিসতুত ভাই ? একদিন বৈকালিক চা পানের সময় বৌদির প্রশ্ন বেহালায় জেমস লং সরণী আছে, কিন্তু জেমস বন্ডের নামে কোন রাস্তা নেই কেন ? ক্ষুদ্‌দার প্রচণ্ড বিষম লাগলো, এবং কিছুটা চা চল্‌কে পড়েও গেল । সাহিত্য সম্রাট বঙ্কিম চন্দ্র চট্টোপাধ্যায় একটা জায়গায় লিখেছেন, "মহিলাদের মাথা, নারকোলের মালা আধা বৈ পুরা দেখিলাম না," সত্যিই তো নারকোলের নাড়ু খেতে গেলে নারকোলের মালারই প্রয়োজন । কিন্তু নারকোল কুরিয়ে নেওয়া পরে যা পড়ে থাকে তার সঙ্গে রমলা চাকলাদারের মস্তিষ্কের গভীরতা নিয়ে এক নাতিদীর্ঘ রচনা অবশ্যই লেখা যায় ।

জাপানের কাওয়াসাকির লাযোনাতে মারুযেন নামের এক দোকানে বিশাল পুস্তক সম্ভার আছে । ক্ষুদ্‌দা ওখানে বিভোর হয়ে বই দেখেন । রমলা বৌদি ভেতরে ঢুকতেই ভয় পান । আর ভেতরে ঢুকলেও সেখানে কি নন্টে ফন্টে, এক মিনিটে নুডুলস্, বিপদতারিণী ব্রতকথা, লক্ষ্মীর পাঁচালী পাওয়া যাবে ? বৌদি কিছুতেই বুঝতে পারেন না জাপানের মহিলারা কেন যে এইসব ব্রত পালন করেনা । ক্ষুদ্‌দা হাসতে হাসতে বলেন, জেনারেল তোজোর পরিবারের মহিলারা যদি শনি, সত্যনারায়ণ, বিপদতারিণীর পুজো করতো, শনি/মঙ্গলবারে যুদ্ধে যাওয়া বন্ধ করতো, বৃহস্পতিবারে ব্যাংক থেকে টাকা না তুলতো, শনি/মঙ্গলবারে মোচার ঘন্ট না খেত তাহলে হয়তো আজ হিরোশিমা নাগাসাকির ইতিহাস অন্যরকম হোত । ব্যাঙ্গাত্মক খোঁচাটা কি বৌদি বুঝতে পারলেন ? মনে তো হয়না ।

ক্ষুদ্‌দার উপদেশ, বৌদির মতো মহিলারা যেন ক্যালকাটা পাবলিশার্স এ্যাণ্ড বুক সেলার্স গিল্ডকে অনুরোধ করে যাতে জাপানেও বইমেলা করা হয় যেখানে জাপানি ভাষায় অনুবাদ করা নন্টে ফন্টে, হাঁদা ভোঁদা, অরণ্যদেব, টুনটুনির বই এবং অবশ্যই গৃহিণীদের পূজা পদ্ধতির বই প্রদর্শন এবং বিক্রীর ব্যবস্থা থাকে ।

২০০৭ সালে জাপানে বেড়াতে গিয়ে ক্ষুদ্‌দা অনেক বই পড়লেন এবং ইন্টারনেট ঘেঁটে দুটি শহরে যাওয়ার প্ল্যান করেছিলেন কিয়োতো আর হিরোশিমা । কিয়োতো শহরে অনেক কিছু দেখেছিলেন । তার মধ্যে উল্লেখযোগ্য হোল ন্যাশনাল মিউজিয়াম । সেখানে আছে বহু বছর আগে জাপানে পূজিত দেবদেবীর মূর্তি । প্রাকৃতিক বিপর্যয়ের হাত থেকে বাঁচার জন্য এই দেবদেবীর পূজা করা হোত, তাই এঁদের চেহারা অতি ভয়ঙ্কর । ক্ষুদ্‌দা বৌদিকে বোঝালেন কালের বিবর্তনে আমাদের দেবদেবী অনেক সুন্দর হয়েছে । বৌদির বক্তব্য, আমাদের দুগ্‌গা লক্ষ্মী সরস্বতীকে কত সুন্দর দেখতে । দাদা জিজ্ঞেস করলেন, মা কালীকেও কি একই জায়গায় রেখেছো ? ভাগ্যিস জবা/অপরাজিতা ফুলের মালায় সারা শরীর ঢেকে রাখার প্রচলন আছে, তা না হলে প্রত্যেক বছরে কালী পুজোর সময় ক্লাবের কর্মকর্তা ও কুমারটুলির মৃৎশিল্পীকে অশ্লীলতার দায়ে থানার হাজতে থাকতে হোত । ডাকিনী যোগিনী বানানোর সময় প্রত্যেক মহিলার উচিত কুমারটুলির সামনে অনশন করা যাতে উৎকট দৃশ্য দূষণের হাত থেকে নারী সমাজকে বাঁচানো যায় ।

হিরোশিমা শহরেও দাদা বৌদি গেলেন । দাদা বললেন, এই শহরে ১৯৪৫ সালের ৬ই আগষ্ট এ্যাটম বম্ব ফেলা হয়েছিল । প্রতি বছর সারা পৃথিবীর বহু লোক এখানে আসেন ও পুষ্পস্তবক দিয়ে শ্রদ্ধা প্রদর্শন করেন । বৌদির প্রশ্ন, এখানেও তো কালী পুজোর সময় হাজার হাজার চকলেট বোমা ফাটানো হয় । কই কেউ তো এখানে আসে না ? কয়েক হাজার চকলেট বোমা একসঙ্গে করলে তো এ্যাটম বোমার সমান তাই না ? উত্তর দেওয়ার চেয়ে দাদা জানলা দিয়ে জাপানের রাস্তা দেখাই শ্রেয় বলে মনে করলেন ।

বই ক্ষুদ্‌দার ভালবাসা, বই ক্ষুদ্‌দার নেশা । দাদা পড়ার জন্য কত লোকের কাছ থেকে বই আনেন, কত লোককে বই পড়তেও দেন । কিন্তু সবাই যে বই ফেরত দিয়েছে এমন কথা কি জোর দিয়ে বলা যায় ? অবশ্য দাদাও যে সব বই তাদের ফেরত দিয়েছেন এমন কথা কি হলফ কোরে বলা যাবে ? ওই জন্যেই তো বৌদি বই নেওয়ার সময় খাতায় নাম ঠিকানা লিখে রাখার সিস্টেম চালু করতে চেয়েছিলেন যদিও দাদার আপত্তি এটা নাকি মুদীর দোকান থেকে ধারে মাল নিয়ে লিখে রাখার মতো ।

দাদার এক আত্মীয়র বাড়ীর সৌখিন ড্রইং রুমে সুদৃশ্য আলমারীতে নামীদামী লেখকদের সুশোভনের সংস্করণের লোভনীয় বই সজ্জিত । ক্ষুদ্‌দা একবার একটা বই দেখানোর জন্য ওই আত্মীয়কে অনুরোধ করলেন । বলাবাহুল্য অনেক খোঁজাখুঁজির পরে চাবিটা পাওয়া গেলেও ওই চাবি দিয়ে বইয়ের আলমারী খুলতে গৃহকর্তা একটু ভয় পাচ্ছিলেন । আসলে বেশ কয়েক বছর আগে ইন্টিরিয়ার ডেকরেটরকে দিয়ে এ্যাপার্টমেন্টটা সাজানোর সময় যামিনী রায়ের ছবি, বাঁকুড়ার টেরাকোটার মূর্তি এবং এই বইগুলি কেনা হয়েছিল – যেগুলো দেখার জন্য, ছোঁয়ার জন্য নয় । দাদা মনে মনে রবীন্দ্রনাথকে বললেন, তিনি বিশ্বকবি হতে পারেন, কিন্তু বাঙালীদের নন ।

বই মানুষকে কল্পনার জগতে প্রবেশের চাবিকাঠিটা দিয়ে দেয় যা দিয়ে মানুষ দুঃখে সান্ত্বনা পেতে পারে, রোমাঞ্চে আনন্দে আত্মহারা হতে পারে । ছোটবেলায় ঠাকুরমার ঝুলি, টুনটুনির বই, ক্ষীরের পুতুল বা অলিভার টুইস্ট, স্নো হোয়াইট, সিনড্রেলা পড়ার পরে যে কল্পনার জগত তৈরি হয় এবং যে বা যারা সেখানে প্রবেশ করে আনন্দ পায় তাদের মতো সুখী হয়তো আর কেউ নয় । ক্ষুদ্‌দা মনে মনে আক্ষেপ করেন রমলা এই রসাস্বাদন থেকে বঞ্চিত । অবশ্য এখন আর কিছুই করার নেই । বৌদির বক্তব্য, বই পড়ার থেকে টিভির সিরিয়াল দেখা অনেক ভাল । আসলে ছোটরা যখন তাদের শৈশব বা কৈশোর জীবনে দেশ বিদেশের রূপকথার বই নিয়ে ব্যস্ত থাকতো, তখন রমলা বৌদি তাঁর পুতুল কন্যার বিয়ে দিতেই ব্যস্ত থাকতেন । ভগবানের অশেষ করুণা রমলা বৌদি ভাল পুতুল পাত্র পেয়েছিলেন । ■

আমার দেখা "ওকুরিবিতো"

- শুভা কোকুবো চক্রবর্তী

"স্লাম ডগ মিলিয়েনিয়ার" যখন বিশ্বে শ্রেষ্ঠ চলচ্চিত্রের সম্মান পেয়ে প্রায় প্রত্যেক দেশের প্রেক্ষাগৃহে প্রদর্শিত হচ্ছে আর বাড়ির বাচ্চারা জামাল সেজে বিভিন্ন কুইজের খেলায় মত্ত, সেই বছর বিশ্বশ্রেষ্ঠ বিদেশী ছবির সম্মান

পেল জাপানি ছবি "ওকুরিবিতো" (DEPARTURE)।

এদেশেও কিছুদিন ধরেই টিভির পর্দায় বিভিন্ন চ্যানেলে পুরস্কার হাতে পাবার মুহূর্ত বা রেড কার্পেটের ওপরে শিল্পীদের চলাফেরার মুহূর্ত, ইন্টারভিউর মুহূর্ত দেখানো হয় ।

"বিশ্বশ্রেষ্ঠ বিদেশী সিনেমা" ---আগ্রহ বাড়ে । নাইট শো-এর টিকিট কেটে ঢুকে পড়ি হল-এ ।

মিঃ কোবায়াশি সস্ত্রীক টোকিওতে থাকেন ফ্ল্যাট ভাড়া নিয়ে । একটা প্রফেশনাল ক্ল্যাসিকাল মিউজিক গ্রুপের চেলো শিল্পী । স্ত্রী ওয়েব ডিজাইনার ।

সেদিন একটা কনসার্টের পর গ্রুপ লিডার হঠাৎ করেই সবাইকে ডেকে গ্রুপ বন্ধ করার কথা ঘোষণা করেন । সবাইকে মাস-মাইনে দিয়ে গ্রুপ টানা আর সম্ভব হচ্ছেনা । মাথার ওপর আকাশ ভেঙ্গে পড়ে কোবায়াশির । এই তো কয়েক দিন আগেই অনেক টাকা খরচ করে নতুন চেলো কিনেছে বৌয়ের চোখ এড়িয়ে । নিজেই স্বীকার করে চেলোর ব্যাপারে তার হাতে এমন কোন অসাধারণ যাদু নেই যাতে করে সে চেলো পারফর্মার হিসেবে আয় করতে পারে । গ্রুপ বলেই চলছিল কোনরকম । অগত্যা বৌয়ের সঙ্গে পরামর্শ করে নিজের গ্রামে ফিরে যাবে বলে মনস্থ করে দুজনে ।

ইয়ামাগাতা । এখানেই জন্মেছে এবং বড় হয়েছে কোবায়াশি । বাবা, কোবায়াশির ছেলেবেলায় বৌ-বাচ্চাকে ফেলে অন্য মেয়েকে নিয়ে ঘর বাঁধে । মা, বাড়ির একতলায় একটা কফিশপ চালিয়ে বড় করে ছেলেকে । মা মৃত্যুর সময় ছেলেকেই দিয়ে যান এই বাড়িঘর । তাই টোকিও থেকে ফিরে এখানেই শুরু হয় ওদের নতুন সংসার । শান্ত জায়গা । পাড়া-প্রতিবেশীরাও চেনাজানা ।

খবরের কাগজে চাকরীর বিজ্ঞাপন দেখতে দেখতে একটা বিজ্ঞাপনে চোখ আটকে যায় কোবায়াশির । N.K

Agency। নিচের লেখাগুলো পড়ে যা বোঝে, এটা একটা Travel Agency। সঙ্গে সঙ্গে ফোন করে ইন্টারভিউর দিন ঠিক করে নেয় । পরদিন হাতে কাগজের কাটিং নিয়ে খুঁজতে খুঁজতে পেয়ে যায় N.K Agency। ঘরের মধ্যে এক মহিলা বসা । কোবায়াশি নিজের পরিচয় দিতে বসতে বলে । বস্ একটু বেরিয়েছেন, এক্ষুণি ফিরবেন । দু তিন মিনিটের মধ্যে বস্ ফেরেন । কয়েকটা কথোপকথন হয় । বস্ বলেন তোমার চাকরী হয়ে গেছে, তুমি ইন্টারভিউতে পাশ করেছ । অবাক হয় কোবায়াশি । সেকি! কিছুই তো জিজ্ঞাসাই করলেন না ! কোবায়াশি নিজেই কথা পাড়ে এবার । কিসের কাজ হয় এই N.K Agency তে ? বস্ এবার মুখ খোলেন । NOUKAN এর শর্ট ফর্ম N.K। কোবায়াশির একটু ভয় ভয় করে । ও যতদূর জানে মৃত্যুর পর Kanঅর্থাৎ একটা কাঠের বাক্সে মৃতদেহকে ভরা হয় । সেই পদ্ধতিটির নাম NOUKAN। হ্যাঁ, সেই কাজই করে এই Agency। কোন পরিবারে কেউ মারা গেলে এই Agency তে ফোন আসে । ব্যস্ততার শেষ নেই । রোজই দু তিনটে ফোন আসে আর ছুটতে হয় সেই বাড়িতে । AGENCYতে স্টাফ বলতে ঐ মহিলা যিনি অফিসে বসেন আর বস্ । খবরের কাগজে অনেকবারই বিজ্ঞাপন দিয়েছেন, কিন্তু কাজ হয়নি । এমন একটা কাজ, কেউ রাজী হতে চায়না । তাই অনেক ভেবেচিন্তে এবারের বিজ্ঞাপন এমনভাবে ছেপেছেন যাতে মনে হবে কোন ট্রাভেল এজেন্সি । "তাবি নো তেৎসুদাই ও শিমাসু", অর্থাৎ ভ্রমণ-যাত্রার যে কোন সাহায্য আমরা করে থাকি । এও তো যাত্রাই বটে । স্বর্গযাত্রা । বাড়ি ফিরে স্ত্রীকে চাকরির সুখবর দেয় । রাতে ভালমন্দ খাওয়া হয় । পরদিন থেকে কাজ শুরু ।

অফিসে ঢুকেই দেখে বস্ ওর জন্য অপেক্ষা করছেন, কাজে বেরোতে হবে । প্রায় কুড়ি মিনিট গাড়ি চালিয়ে দুজনে পৌঁছে যায় নির্দ্দিষ্ট জায়গায় । এ বাড়িতে এক বয়স্কা মহিলার মৃত্যু হয়েছে । বাচ্চারা বলছে ওবাআসান (ঠাকুমা অথবা দিদিমা), মধ্যবয়সীরা বলছে ওকাআসান (মা) ।

N.K.AGENCYর ওরা দুজন গাড়ি থেকে Kan(বডি ঢোকানোর কাঠের বাক্স) নামিয়ে বাড়ির ভেতরে ঢোকে । ঘরের মধ্যে বিছানায় শোয়ানো বডি । এক ছেলে এগিয়ে এসে বলে মায়ের বিয়ের এই কিমোনো পরিয়ে আমরা যাত্রা করাতে চাই । যেমন অনুরোধ তেমনি কাজ । কোন ত্রুটি নেই তাতে ।

কিছুক্ষণের মধ্যেই দক্ষ হাতে মহিলাকে লাল টুকটুকে কিমোনো পরিয়ে তার সঙ্গে মানানসই কেশসজ্জা আর মেকআপ করিয়ে দেন বস্ । অবাক হয়ে প্রথম থেকে সব লক্ষ্য করে কোবায়াশি । গত রাতের মৃত ঠাণ্ডা শরীরটাকে কি নিপুণতার সঙ্গে সাজিয়ে দেন Kan এ ঢোকাবার আগে । সিনেমার গল্প চলতে থাকে পর পর বিভিন্ন মৃতদেহকে কেন্দ্র করে । মা জন্ম দিয়েছিলেন পুত্রসন্তানের । কিন্তু সেই ছেলে স্কুলে যাবার সময় থেকেই মেয়েদের সঙ্গে খেলতে ভালবাসে, মেয়েদের পোশাক-আশাকে আসক্তি বেশি । কানে দুল, চোখে আইশ্যাডো, মেয়েদের ফ্রক পরাতেই স্বাচ্ছন্দ বোধ করে । একই বাড়িতে থাকা সত্ত্বেও বাবা ছেলের মুখ দেখা বন্ধ । আত্মীয়-স্বজনের কড়া চোখ, কটুক্তি আর সহ্য করতে না পেরে অকাল মরণ বেছে নিল ছেলেটি । N.K Agency র বস্ আর কোবায়াশি ফোন পেয়ে ওই বাড়িতে পৌঁছতেই মা দৌড়ে আসে একটা গোলাপী রঙের ওয়ানপীস নিয়ে । এদিন বস্ কোবায়াশিকে কাজে এগিয়ে দেন । কোবায়াশি মনপ্রাণ দিয়ে কাজ সম্পন্ন করে ঠোঁটে লাগিয়ে দেয় লাল লিপস্টিক । এই Agency তে থানা থেকেও ফোন আসে আর ছুটতে হয় মাঝেমাঝেই । এক বৃদ্ধ একা থাকতেন কিছুদিন ধরে প্রতিবেশীরা কেউ তাকে দেখেনি । পুলিশে খবর দেয় এরাই । পুলিশ এসে দরজা ভেঙে ঘরে ঢুকতেই বোট্‌কা গন্ধ নাকে লাগে । বার্ধক্যে মৃত্যু, তাও প্রায় দশ দিন হয়ে গেল । ডাক পড়ে N.K Agency র । Kan নিয়ে হাজির হয় এরা যত তাড়াতাড়ি সম্ভব । চলতে থাকে সিনেমা ।

আমি হল-এ বসে NOUKAN এর কাজের পারদর্শিতা, নিপুণতা দেখে মুগ্ধ হই, চোখের পাতা পড়েনা ।

এদেশে এসে প্রথম যেবার Sado বা tea ceremony দেখেছিলাম, মনে হয়েছিল কোন stage এ show দেখছি । নিস্তব্ধতার মধ্যেও এমন সৌন্দর্য থাকতে পারে প্রথম অনুভব করেছিলাম সেদিন । আজ প্রায় ১৬ বছরেরও বেশি Sado র সঙ্গে নিজে যুক্ত থেকে নিজের অভিজ্ঞতায় বুঝি এ ত শুধু চা বানিয়ে পরিবেশন করা নয় । আগুনের প্রতি, জলের প্রতি শ্রদ্ধাজ্ঞাপন । সর্বোপরি অতিথি আপ্যায়ন । অতিথি পূজা ।

এই সিনেমাটাও যেন এক নিস্তব্ধতার আর্ট । গা শিরশির করা বিষয় বটে, কিন্তু এমন স্বচ্ছ আর সুন্দর যে চোখ ফেরানো যায়না । আবহসঙ্গীতে বাজতে থাকে চেলো অবিরাম । টোকিও থেকে স্থান পাল্টে যায় ইয়ামাগাতায় । মনছোঁয়া প্রাকৃতিক সৌন্দর্য । কৃতজ্ঞতা জানাই পরিচালক মিঃ তাকিতা ইয়োজিরোকে । মৃত্যুর পরে স্বর্গযাত্রার প্রস্তুতি, তার বিস্তৃত আর, নিখুঁত দৃশ্যগুলো না থাকলে হয়তো পৃথিবীর কাছে Noukan বিষয়টা অজানাই থেকে যেত । ■

২রা জুন

- জ্যোর্তিময় রায়

ঝির্ ঝিরে হাওয়ার দিন ছিল কাল,
তোমার আমার ভালবাসার ডাল
সে হাওয়ায় কেমন দুলছিল,
পাতায় শির্ শির্ আওয়াজের তাল ।
তোমার দোল খাওয়া এখনও চলছে
ধূমায়িত চায়ের পেয়ালা, বারান্দার অবকাশ
বাগান বিলাস
রামধনু রঙে রংগীন হয়েছে ।
আমার এখানে গরমিল সব
রোদ ফাটা দিন, ধূলোর আকাশ ।
ফেলে আসা সব ২রা জুনের জটলা বসেছে ।
বন্ধুজনের অতি পরিচিত মুখ, মুখের কলরব।
কাঁচ ফাটা গ্লাসে
বরফ শীতল রাম, বার বার আসে
বিরিয়ানী দই মাছ ।
বকুলের গাছ
শীর্ণ সবুজ রাত ছায়া আর অন্ধকারেতে রয়েছে ছড়ানো
শেষ রাত সব ঘুরে ফিরে আসে
ঘরের দেয়ালে, বিছানার ঘাসে ।
কাল তুমি, মনে পড়ে, কাছে ছিলে না
কথা দিয়েছিলে কেন রাখলে না ?
হতাশ পাখিটা ডানা মেলে ডালে দোল দিলো ।
কথা আর কাজে মিল ছিল ?

হাওয়া বদল

- শংকর বসু

এই নাও কারবন সালফার ও হাতে
ফুসফুস ঝামা হয় হাত কচলানিতে
আর যত সাদা-নীল যত কিছু রুচিশীল
রঙিন ফানুসে পাড়ি সাগর-পারে
কালো হাওয়া পড়ে থাকে আমাদের ঘরে ।

এ হাওয়ায় পুড়ে ছাই শহরের ইতিহাস
এলোমেলো রূপকথা লুকোচুরি খেলা
লাল-নীল পৃথিবীর সাদা-কালো ছবি
অসাড় শরীর ভাসে বরফের মেঘ
এ হাওয়ায় জমে গেছে গরম আবেগ ।

এসো আজ খুঁজে নিই প্রবাসীর হাওয়া-বীজ
ডাকের চিঠিতে মোড়া হাওয়া-ভরা বাক্স
সাদা-হাওয়া কালো-হাওয়া মেলে মেশে ফুসফুসে
এপার ওপার মেলা তিরতিরে হাওয়া সেতু
ফিসফিস কথা পাড়ে হাতে হাত রাখে
গাংচিল উড়ে ফেরে শেষ রাতে
টলমল হাওয়া ব্রীজ ভাত ঘুমে থাকে ।।

কাঠঠোকরা

(জাপানি ভাষায় মূল রচয়িতা – কাজুকো শিরাইশি)

অনুবাদ – নবনীতা দেবসেন

একটা কাঠঠোকরা এসে পড়লো, খেটেখুটে
কাঠের বাড়িটায় গর্ত করলো যেই –
উড়ে বেড়িয়ে এলো একটা লোক, ওকে শাসালো –

৮ বচ্ছর ধরে লোকটা
একটা বাড়ি বানাচ্ছিলো
ওর বউ আর দুই ছেলের জন্যে

তারপর
কাঠঠোকরা সেখানে গর্ত করবার আগে
এক অদৃশ্য কাঠঠোকরা এসে
ওর বউএর ভেতরে একটা গর্ত খুঁড়ে গেল

সেই গর্ত দিয়ে ওর বউ
কোথায় যেন উড়ে গেল
আর ফিরলো না

কাঠঠোকরারা আসে, বহু পরিশ্রমে
মানুষের গড়া কাঠের বাড়িতে ঠোক্কর মারে

(এই কবিতাটির অনুবাদ প্রসঙ্গে)

জাপানি কবি কাযুকো শিরাইশি এবং গোযো ইয়োশিমাসু-র সাথে প্রথম আলাপ হয় ১৯৮৬ সালে তোকিয়োতে ভারতীয় রাষ্ট্রদূতের ভবনে আয়োজিত এক কবি সম্মেলনে । ১৯৮৮ সালে ভূপালের ভারত ভবনে আয়োজিত আন্তর্জাতিক কবি সম্মেলনে উক্ত দুই কবিকে আমন্ত্রণ জানাই। সেই সম্মেলনে কবি শিরাইশি স্বরচিত 'কাঠঠোকরা' কবিতাটি আবৃত্তি করেন । সেই সময় থেকে তাঁদের সাথে গড়ে উঠেছে এক প্রীতির সম্পর্ক । পরবর্তীকালে, শিরাইশির অনেক কবিতা আমি অনুবাদ করেছি ।

ফিরে এসো পক্ষীরাজ

- বিশ্বনাথ পাল

এক যে ছিল রাজা-র কথা কেউ বলে না আর,
এযুগের গল্পে রাজার নেই কোনো কারবার ।
নীলকমল – লালকমল হারিয়ে গেছে আজ,
রাজপুত্র আসেনা আর উড়িয়ে পক্ষীরাজ ।।
ব্যাঙ্গমা ব্যাঙ্গমীদের যায়না কোথাও দেখা,
ঠাকুরমার ঝুলি সব ধুলোয় আছে ঢাকা ।
ছোট্ট শিশুর স্বপ্নপুরী বদলে গেছে আজ,
রাজপুত্র নেইতো সেথায়, নেইতো পক্ষীরাজ ।।
যুগটা যেন রকেট চড়ে উড়ছে মহাকাশে,
কল্পকথা ঠাঁই পায়না Star War এর পাশে ।
আসল কথা নেইতো সে আর একান্ন পরিবার,
নাতি, নাতনী, ঠাকুরমাদের ভরন্ত সংসার ।।
তার উপরে বাড়ছে শুধু পড়ার বই-এর বোঝা,
ভুলেই গেছে ঠাকুরমাদের গল্প শোনার মজা ।
ঠাকুরমাদের জীবন জুড়ে শুধুই দীর্ঘশ্বাস,
সব খুইয়ে ঠাঁই মিলেছে হয়তো বৃদ্ধাবাস ।।
কিন্তু কেন এমনি করে হারিয়ে যাবেন তাঁরা ?
মোদের জীবন পূর্ণ করে শূন্য হলেন যাঁরা ।।
ঠাকুরমারা আসুক আবার ঝুলির ধূলো ঝেড়ে,
পক্ষীরাজও আসুক উড়ে শিশুর স্বপ্নপুরে ।।

শরৎ রমণী

- রাজকুমার পাল

মেলিনু নয়ন বরষের পরে
কিভা শোভা বয় বঙ্গালয়ে
ঝিলিক মারে প্রাণে।
চোখে লাগে স্নিগ্ধতার মায়াঞ্জন
স্বপ্নে বিভোর মন
হৃদয় ভরে নব জীবনের গানে।।
নিঃশব্দ চরণ ফেলে
সজল বরষা যায় ফিরে চলে
বাজায় করুণ মধুর আগমনী।
নীল গুণ্ঠনে সোনার কল্কা পরে
শুভ্র মেঘের মন্থর শালতি চরে
আসে অগোচরে এক মনোহরা রমনী।।

অপরাজিতার নাসিকালংকার
কৃষ্ণকলির মাল্য ঝঙ্কার
নদে নুপুর বাজে।
সোনালী সবুজ অঙ্গ বসন
শালুকফুল কর্নভূষণ
সিন্দুর বিন্দু জ্বলে নীলানন মাঝে।।
শিউলি বিতানে ভ্রমর গুঞ্জন
দোয়েল পাপিয়ার সুর কূজন
হৃদয়ে মধু ঝরায়।
শিশিরসিক্ত তৃণপল্লবে শিউলি পরি
তারে পরে পদ দিয়া চলে সুন্দরী
নব রঙ রাঙায় এ ধরায়।।

প্রভাত অরুণের রক্তিম আলো
নম্রকান্তি ভুবনে মোহন লজ্জা ঢালো
মায়াবন্ধনে ভুলায় কোমল হৃদয়খানি।
ধান্যক্ষেতে রোদ-ছায়ার লুকোচুরি খেলা
শ্যাম-শস্য হিল্লোলে আনন্দমেলা
নদীকূলে কম্পমান কাশফুলখানি।।
নদী সরসীর বুকে কুমুদ কহ্লারের শোভা
চারিদিকে প্রসন্ন হাসির প্রভা
জ্যোৎস্না পুলকিত রজনীর মোহিনী হাতছানি।
পুষ্করিণীর শালুকের পাপড়ি খোলা
স্নিগ্ধ পবনে ধান্যমঞ্জরী দোলা
সুখের অলকাপুরে নেয় হৃদয় টানি।।

মানব মনোলোকে চরণ সঞ্চারণ
আকাশে বাতাসে ভাসে বাদ্যখঞ্জন
আনন্দস্রোত আর কলোচ্ছ্বাস।
শারদীয়া-লক্ষ্মী-শ্যামা পূজা অঙ্গন
ভাতৃ দ্বিতীয়ার সঙ্গমে মেলবন্ধন
মর্ত্যকে দেয় অমরাবতীর আশ্বাস।।
শিশিরসিক্ত শিউলি পথ ধরে
মানব হৃদয় ব্যথিত করে
বিদায় নেয় অপরূপা রমণী।
মনের কোণে বিষন্নতা লয়ে
অশ্রুবিধুর আকুলতা বয়ে
বলি তারে রূপ-গন্ধ লয়ে আবার এসো এ ধরণী।।

ডিজায়ার

- ঈপ্সিতা হালদার

ততক্ষণে আমি প্লেটনিক যুদ্ধে হেরে গেছি, কথা বলেছি
সূপ ঢেলে দিয়েছি তারপরই রোয়িং রোয়িং রোয়িং
দক্ষিণ থেকে চলে গেছি প্রায় হিন্দ সিনেমা পর্যন্ত
আর দীর্ঘ ছায়া আমার ওই অর্থোডক্স চার্চ
বন্ধ সিনাগগ অবধি গিয়ে পড়েছে ।
তেল কালি ঢালা অর্ধেক বন্ধ ট্রাম লাইনের পাশে
লোহা গুদামের পাশে চামেলি ফিল্ম লেট ক্যাপিটালিজম
চা ডিমটোস্ট সোনি শোরুম শ্রী শ্রী চণ্ডীর পাশে
আমাকে নগ্ন কর প্রকাশনা সংস্থার একটু আগে ।

যেন হেঁটে চলে গেছেন দেবদূতেরা । ওই এখনও
একটু আলো তাঁদের ডানায় ফড়িঙের মত খেলা করে ।

ততক্ষণে বেড়াল প্রকাশনার কার্নিশ থেকে জেগে উঠে
হামাগুড়ি দিয়ে নেমে যাক সাবওয়ে দিয়ে ।
ততক্ষণে আমাদের নানা রঙা অল্প ছেনাল পেটিকোটগুলি
ছাদে উড়ুক হাওয়ায় ।

শান্তির সন্ধানে

- নমিতা চন্দ

রাঙা জবা পায়ে দিতে গিয়ে
মরি আমি মা লজ্জা পেয়ে
শ্মশান মশান ঘুরে ফিরে
বসন কোথায় ফেলে এলি ?
তোর রূপ মা গো যদি কালো
তবে মুণ্ডমালা কি কভু শোভে
কি যে এত দেমাক মা তোর
রাখলি পদতলে যিনি মহেশ্বর
ঘুরে ঘুরে অনেক দুয়ার
শান্তি কোথাও পেলাম না আর
শেষে তোর চরণে নিলাম শরণ
হৃদয়ে জবা দিয়ে করব বরণ
চোখের জলে দেব তোর পা ধুয়ে
দেখবো কেমন মুখ নিস ফিরায়ে ।।

নিঃসঙ্গতা

- সুজাতা চৌধুরী

পার্কে বসেছিল এক নিঃসঙ্গ বৃদ্ধা ,
ইতিউতি তাকাচ্ছিল ,
চোখের তারায় পিপাসা ,
নাকি আরও কিছু , স্মৃতি রোমন্থন
ফেলে আসা যৌবনের ,
নাকি সুদূর শৈশবের ?
হারিয়ে যাওয়া কোন মানুষের
হঠাৎ হাতছানি , অথবা শুধুই স্মৃতিভ্রম
মনে না পড়া সময়ের খোঁজ ,
অতীত , বর্তমান , বা ভবিষ্যতের আনাচে কানাচে
অবশেষে না পাওয়ার বেদনা
বা পাওয়ার তৃপ্তি
দুই সমান্তরাল বোধের
মাঝামাঝি থমকে যাওয়া
অথবা আদি থেকে অন্ত
শুধুই নিঃসঙ্গ ?

Daily Compassion

- Stephen Cotton

A few years ago I decided to make compassion a central part of my life. Since making that decision I have faced a variety of challenges; specifically how do I make compassion a part of my daily life. I understand it is easy to talk about compassion when you sit in a room with nothing but a computer or when surrounded by like-minded people who share your ideals. It is a very different story when confronted with hostile people or people who dislike you or have an agenda contrary to a life of compassion. So I would like to share with you my story and hopefully it can give insight on how we can all grow compassion daily.

Living in a developed country, whether it be Western or Asian, especially life in densely populated cities – creates some unique challenges for practicing daily compassion. Within most developed countries infrastructure is more reliable, there is greater choice, it is easier to go places - life is just more convenient. We can live in big cities without having much personal contact with other people. In fact many people living in big cities prefer to keep to themselves.

I have lived in Tokyo for more than a decade and have been influenced by a pervasive energy… it is the energy of "being busy". All my friends are busy living life, so busy that I rarely get to see them. I am the same way. And this busy energy becomes a mindset which can trap you. You become so busy with your own life that you stop paying attention to what is going on around you. You wake up and busily check your emails, then busily eat your breakfast, then wash down your food with a busy cup of coffee… realizing the time, you then busily rush to get ready for work. Busy little bees that we are.

You leave the house and get in your car or catch a bus or train – on your way to work - all the time listening to music, checking emails, reading what your busy friends are doing via social media or playing games on your mobile phones. And you are disconnected from all the people around you; not really caring what others are feeling or thinking. And the pervasive busy energy of the city carries you along and keeps you apart from others. And there is good reason for being this way – I especially feel this during the morning rush hour, as I am cramped into a crowded train… and at each stop even more people push their way into the already jam packed train. To bare this on a daily basis you have to numb yourself to the feelings of others and even repress your own feelings.

So do you think such a busy life would be advantageous for practicing compassion? In my opinion it is not a good environment for growing any caring feelings.

And this is a great challenge… how to grow compassion when living such a busy lifestyle? This lead me to ask, "What is compassion really?" Is it really absent or can compassion work subtly in our busy lives? This has been my journey, which continues even till today – to discover daily compassion and how it manifests naturally in this busy world.

One may argue that compassion is the realm of religious people, people with more time or those living in an environment which promotes such beliefs. Therefore if you really want to have a life where compassion is at the center, then you need to become a monk, or live in the country side where things move at a slower pace and avoid big cities.

My life has never presented me with such choices and yet I still want to grow my compassion. And if I feel this way then maybe other people also feel this need – the desire to live more compassionately, despite living in unfavorable environments. So I thought to myself – there has to be a way to live in a big city – with a busy lifestyle and still practice compassion daily. I had to redefine my thinking on compassion – moving away from the religious and political connotations. And a few key phrases came to mind "little things matter", "expect nothing in return", "forgive often", "don't react immediately", "patience is central".

So what do I mean by each phrase?

Little Things Matter

Usually we don't grow our compassion by grand gestures and acts. In this convenient world - rarely does life present you opportunities to express your compassion on a grand scale. Even though we cannot be brave citizens saving a life; we can still contribute through small acts of kindness. It all adds up and we can build our compassion through small acts. Compassion is life and like any living thing, it grows slowly over time. So too will your compassion grow through small acts of kindness. Such acts can be to hold a door open for someone, to let someone go before you, to hold an elevator door open for others, to say please and thank you (and really mean it), to smile and treat others with kindness - little things. You might think it ridiculous to think of this as acts of compassion and such things are just common courtesy. But be honest when did you do these small things daily and often – when was the last time someone held the door open for you? In this busy life these courtesies are not so common. And when did you do these small acts with the intent of growing your compassion?

Expect Nothing In Return

Growing up we are taught that when we are good, we are rewarded. As children we are rewarded for our good deeds. We come to expect rewards in the form of kind words or even material things. But as we grow older we soon discover that even when we do good, some people will take us for granted or take advantage of our kindness. When this happens we become disappointed in life and others. We can become pessimistic about life. Then we learn a new lesson - to only give to others when rewarded and when we are not rewarded to stop giving. This attitude can send us along a path away from compassion and we can miss out on the joy that comes from giving without expectations. To truly grow your compassion we need to give and even if we are not rewarded for our kind acts - we still need to give to continue growing our compassion.

By giving without expectations we can avoid the feelings of disappointment, anger and hate that comes from not having our expectations met. And remember you are giving and being kind for yourself - to grow your compassion - not to receive a reward.

Forgive Often

